



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.brdb.gov.bd



মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার  
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

### নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস.এম. মাসুদুর রহমান (যুগ্ম সচিব)  
পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।  
তারিখ : ২৩/০৩/২০২১ খ্রি.।  
সময় : সকাল ১০:০০ টা।  
সভার স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক'-তে।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বিআরডিবি'র NIS-টিমের সদস্য সচিব ও উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় বিগত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০২০) এর সকল সিদ্ধান্ত প্রতিপালন করা হয়েছে মর্মে সভায় জানান। তিনি বিআরডিবি'র বিভিন্ন শাখা/জেলাদপ্তর থেকে প্রাপ্ত ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি শাখা/জেলাদপ্তরসমূহের ২০২০-২০২১ NIS-এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। সভাপতি NIS-এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে শাখা/জেলাদপ্তরসমূহের NIS সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। সকল শাখা/জেলাদপ্তর হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্যও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনাশেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

- ১) প্রতি কোয়ার্টারে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদন প্রতি কোয়ার্টারের শেষ কর্মদিবসে মধ্যে দাখিল করতে হবে;
- ২) শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্থান কার্যালয় পরিদর্শনপূর্বক প্রতিবেদন দিতে হবে;
- ৩) সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাস করতে হবে;
- ৪) জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এসএমএস এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে;
- ৫) ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল শাখা/জেলা ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হয়েছে তাদেরকে ঘাটতিসহ ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে;
- ৬) নিয়মিত প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন করতে হবে;
- ৭) সিটিজেন চার্টার অনুযায়ী ১০০% সেবা নিশ্চিত করতে হবে;
- ৮) সেবা প্রদানের ক্ষেত্রে বিআরডিবি'র সকল কর্মকর্তা-কর্মচারীকে শতভাগ সততা ও নিষ্ঠার সাথে কাজ করতে হবে;
- ৯) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার আলোকে সংশ্লিষ্ট সকলকে কর্মপরিবেশের উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির জন্য নতুন নতুন উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ করতে হবে;

১০) কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুজ অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে হবে;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

এম.এম.মাসুদুর রহমান  
পরিচালক (প্রশাসন)

তারিখঃ ২৩/০৩/২০২১ খ্রি.

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.৩৯৮.১৯. ২৫২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। প্রকল্প/কর্মসূচি পরিচালক ..... বিআরডিবি, ঢাকা/গাইবান্ধা।
- ২। উপপরিচালক ..... বিআরডিবি, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। উপপরিচালক (সকল), জেলাদপ্তর ....., বিআরডিবি।
- ৫। সংশ্লিষ্ট নথি।

মোঃ নুরুজ্জামান

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা)

ফোনঃ ৮১৮০০১৮